**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়**

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার অনলাইনে আবেদন প্রক্রিয়াঃ**

১. আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট https://admission.cu.ac.bd এর মাধ্যমে করতে হবে। এ ওয়েবসাইটে **আবেদনকারী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিট/উপ-ইউনিট এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ** দেখতে পাবেন। যে কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ভালো করে পড়ে নিন। এছাড়াও অনলাইনে প্রতি পেইজের নির্দেশাবলি পড়ে নিন।

২. যে কোন ইউনিট/উপ-ইউনিটে ভর্তির আবেদন করার জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে গিয়ে **'Register'** বাটনে ক্লিক করে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার বোর্ডের নাম, রোল নম্বর ও পাসের সন এবং মাধ্যমিক বা সমমান পরীক্ষার বোর্ডের নাম, রোল নম্বর ও পাসের সন প্রদান করার ফর্ম দেখতে পাবেন। তথ্য গুলো সঠিক ভাবে পুরণ করে **'Submit'** বাটনে ক্লিক করতে হবে।

৩। **'Submit"** বাটনে ক্লিক করার পর আবেদনকারীর তথ্যসমূহ সঠিক এবং যেকোনো ইউনিট/উপ-ইউনিটে আবেদনের যোগ্য হলে পরবর্তী পেইজে আবেদনকারীর ব্যক্তিগত মোবাইল নম্বর সঠিকভাবে প্রদান করতে হবে। তারপর "Send Confirmation Code" বাটনে ক্লিক করলে আবেদনকারীর মোবাইলে একটি Confirmation Code" পাবেন। **উল্লেখ্য যে, আবেদনের সময় যেই মোবাইল নম্বর ব্যবহার করা হবে তা অবশ্যই শিক্ষার্থীর মোবাইল নম্বর হতে হবে। উক্ত মোবাইল নম্বরে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল নোটিফিকেশন/মেসেজ বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে।**

৪. Confirmation Code প্রদান করে 'Verify Code" বাটনে ক্লিক করার পর Confirmation Code টি সঠিক হলে আবেদনকারীর একটি "**প্রোফাইল**" তৈরি হবে এবং আবেদনকারীর মোবাইলে "UserID" ও "Password" পাঠানো হবে। ভবিষ্যতে ভর্তি সংক্রান্ত যাবতীয় অনুসন্ধান/কার্যাদির জন্য আপনার "UserID" ও "Password" সংরক্ষণ করুন।

৫. মোবাইলে প্রাপ্ত "UserID" ও "Password" দিয়ে ভর্তির ওয়েবসাইটে "Log In" করলে আবেদনের মূল পেইজে যাবে, সেখানে আবেদনের তথ্যাবলি প্রদর্শিত হবে। আবেদনকারীর যদি কোন কোটা থাকে এবং তিনি সেটা আবেদনে যুক্ত করতে চান তাহলে তার প্রোফাইলের "Personal" ট্যাবে কোটা যুক্ত করার অপশন থেকে তার কাঙ্ক্ষিত এক বা একাধিক কোটা যুক্ত করতে পারবেন।

৬. আবেদনকারীকে তার প্রোফাইলের নির্দিষ্ট অংশে গিয়ে সঠিক মাপের (Size: 150KB; Resolution: 300x300 pixels) সদ্য তোলা একটি স্পষ্ট ফরমাল ছবি (চেহারা অনাবৃত) আপলোড করবেন। তারপর "Question Language" এ ক্লিক করে পরীক্ষার প্রশ্নপত্রের ভাষা নির্বাচন করবেন। **যে সকল আবেদনকারীর জন্য কোটা প্রযোজ্য তারা সংশ্লিষ্ট কোটা সিলেক্ট করবেন।** তারপর "Save Profile" এ ক্লিক করলে আবেদনকারীর প্রোফাইল তৈরী সম্পন্ন হবে। উল্লেখ্য যে, প্রোফাইল তৈরী সম্পন্ন না হলে আবেদনকারী কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদন করতে পারবে না।

৭. আবেদনকারী তার প্রোফাইল এ "Application" ট্যাবে ক্লিক করে কোন কোন ইউনিট/উপ-ইউনিটে তিনি আবেদনের যোগ্য তার একটি তালিকা থেকে আবেদনকারী যে ইউনিট/উপ-ইউনিটে আবেদন আবেদন করতে ইচ্ছুক সেই ইউনিট/উপ-ইউনিটটি "Select" করবেন।


৮. ইউনিট/উপ-ইউনিট Select করার পর আবেদনকারী “**Apply**” বাটনে ক্লিক করে একটি “**Bill Number**” পাবেন। উক্ত **Bill Number** টি ব্যবহার করে Mobile Financial Service Operator **‘বিকাশ’** অথবা ‘রকেট**’** এর মাধ্যমে আবেদনকারীকে ঐ ইউনিট/উপ-ইউনিটের জন্য আবেদন ফি জমা দিতে হবে। এভাবে প্রতি ইউনিট/উপ-ইউনিটের ক্ষেত্রে একই পদ্ধতি অনুসরণ করে আবেদন করতে হবে।

৯. ‘বিকাশ অ্যাপস’ এর মাধ্যমে আবেদন ফি (৯৫০/-) প্রদান করার প্রক্রিয়াঃ

---



‘রকেট অ্যাপস’ এর মাধ্যমে আবেদন ফি (৯৫০/-) প্রদান করার প্রক্রিয়াঃ



১০. এছাড়া পরবর্তীতে এই পেইজ থেকে আবেদনকারী তার আবেদনকৃত সকল ইউনিট/উপ-ইউনিটের ভর্তি পরীক্ষার আসন বিন্যাস এবং ইউনিট ভিত্তিক ফলাফল জানতে পারবেন।

১১. ভর্তি পরীক্ষা শুরু হবার ১ (এক) ঘন্টা পূর্ব পর্যন্ত আবেদনকারীর প্রোফাইল হতে সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড ও সংগ্রহ করতে পারবেন।


১২. আবেদনকারীকে প্রবেশপত্রের নির্দেশাবলীতে উল্লিখিত কাগজপত্র নিয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩ GCE (O Level & A Level) অথবা সমমানের বিদেশী সার্টিফিকেটধারী আবেদনকারীকে Equivalence করার জন্য বিজ্ঞান অনুষদ অফিসে তার গ্রেডশীট/মার্কশীটসমূহের ফটোকপিসহ আবেদন করতে হবে এবং রেজিস্ট্রার, চ.বি. এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে সংগৃহীত ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার সমতা নিরূপন ফি হিসেবে প্রদান করতে হবে। সমতা নিরূপনের পর আবেদনকারীকে একটি সমতা নিরূপন সনদপত্র প্রদান করা হবে এবং উক্ত সনদপত্রে Equivalent ID উল্লেখ থাকবে।

১৪ GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদেশী সার্টিফিকেটধারীদের সমতা নির্ধারণ কমিটি কর্তৃক প্রদত্ত Equivalent ID ভর্তির ওয়েবসাইটে প্রবেশের সময় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড এর স্থলে Other নির্বাচন করে যথাযথ নিয়মে নির্দিষ্ট সময়ে আবেদন ফি জমা দিয়ে আবেদন ফি জমা দেয়ার রশিদ সংগ্রহ করতে হবে।

১৫ আবেদনকারীর প্রোফাইলে লগইন করে ৩০০/- (তিনশত) টাকা ফি প্রদান সাপেক্ষে ('রকেট' এর মাধ্যমে) ছবি/কোটা/প্রশ্নপত্রের ভাষা/মোবাইল নম্বর সংশোধন করা যাবে। তাছাড়া, ভর্তি পরীক্ষা সংক্রান্ত কোন ডকুমেন্টের ডুপ্লিকেট কপি নেয়ার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিটি সার্ভিস এর জন্য ৩০০/- (তিনশত) টাকা ফি পরিশোধ করতে হবে। ছবি/কোটা/প্রশ্নপত্রের ভাষা/মোবাইল নম্বর পরিবর্তনের প্রয়োজন হলে প্রোফাইলের "Personal" ট্যাবে "Request to Change" বাটনে ক্লিক করে নির্ধারিত ফি প্রদান করে পরিবর্তন করা যাবে।প্রযোজ্য সংশোধনী সম্পন্ন করার পর অবশ্যই Save Profile বাটনে ক্লিক করতে হবে। অন্যথায় আবেদনকারীর প্রোফাইল সম্পূর্ণ হবে না।

‘রকেট অ্যাপস’ এর মাধ্যমে সংশোধন ফি (৩০০/-) প্রদান করার প্রক্রিয়াঃ



[বিঃ দ্রঃ প্রত্যেক ইউনিট/উপ-ইউনিটের জন্য আলাদা আলাদা ভাবে আবেদন সংশোধন ফি প্রদান করার প্রয়োজন নেই। তবে একাধিকবার বা একাধিক বিষয় সংশোধনের ক্ষেত্রে আলাদা আলাদা ভাবে সংশোধন ফি প্রদান করতে হবে।]